

বাংলাদেশিদের জন্য বাহরাইনে ভিসা সহজীকরণের অনুরোধ

- A Monitor Desk Report

Date: 02 June, 2025



ঢাকা: বাংলাদেশিদের জন্য ভিসা সহজীকরণে বাহরাইনের ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী সালমান বিন হামাদ আল খালিফাকে অনুরোধ করেছেন বাংলাদেশের রাষ্ট্রদূত রইস হাসান সরোয়ার। বাহরাইনের রিফা প্রাসাদে এক সৌজন্য সাক্ষাতে তিনি এ অনুরোধ করেন।

বাহরাইনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রইস হাসান সরোয়ার রবিবার (১ জুন) বাহরাইনের ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী সালমান বিন হামাদ আল খালিফার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী রাষ্ট্রদূতকে আন্তরিকভাবে স্বাগত জানান এবং রাষ্ট্রদূতের কূটনৈতিক দায়িত্ব পালনে সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন পাশাপাশি, তিনি প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রার ভূয়সী প্রশংসা করেন।

রাষ্ট্রদূত বাহরাইনে প্রবাসী বাংলাদেশিদের কল্যাণ ও সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নতুন শ্রমবাজার উন্মোচন এবং ভিসা প্রাপ্তি প্রক্রিয়া সহজীকরণের জন্য বিশেষভাবে ফ্যামিলি ভিসা প্রদানের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বসহকারে বিবেচনার অনুরোধ জানান।

পরিশেষে ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী রাষ্ট্রদূতের সুস্বাস্থ্য ও সাফল্য কামনা করেন। তিনি বাংলাদেশ ও বাহরাইনের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতি ও সমৃদ্ধি কামনা করেন।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন রাষ্ট্রদূতের সঙ্গে দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান এ কে এম মহিউদ্দিন কায়েস এবং অন্যান্যদের মধ্যে বাহরাইনের মন্ত্রিপরিষদ বিষয়ক মন্ত্রী হামাদ বিন ফয়সাল আল মালকি, ক্রাউন প্রিন্সের আদালতের প্রধান শেখ সালমান বিন আহমেদ আল খলিফা, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক হামাদ আল মাহমুদ।

